



Dr. Devon Q. Horton, সুপারিনটেনডেন্ট

Mr. Dijon DaCosta, Sr., বোর্ড সভাপতি
Mrs. Deirdre P. Pierce, সহ সভাপতি
Mrs. Anna Hill
Mrs. Whitney McGinniss
Ms. Allyson Gevertz
Mrs. Vickie B. Turner
Dr. Joyce Morley

অবিলম্বে প্রকাশের জন্য

নভেম্বর 14, 2024

যোগাযোগ:

Donald Porter, Ed.D. 678-481-4110
Carla Parker 404-734-1717

কমিশনার Spears DeKalb শিক্ষার্থীদের সায়েন্স ফিল্ড ট্রিপি সহায়তার জন্য \$50,000 দান করেন

(STONE MOUNTAIN, GA)— DeKalb কাউন্টির কমিশনার Michelle Long Spears স্থানীয় শিক্ষার্থীদের ভবিষ্যতের জন্য উল্লেখযোগ্য পরিমাণ বিনিয়োগ করেছেন DeKalb Schools Educational Foundation, Inc-কে \$50,000 দান করার মাধ্যমে। এই উল্লেখযোগ্য উপহার থেকে ডিসট্রিক্ট 2-এর স্কুলগুলোর জন্য বিজ্ঞান ক্ষেত্রে ভ্রমণের জন্য অর্থায়ন করা হবে, যা অন্যথায় ক্লাসরুমের বাইরে হাতে-কলমে শেখার কাজে নিয়োজিত হওয়ার এরূপ অভিজ্ঞতা অর্জনে অক্ষম হতে পারে এমন শিক্ষার্থীদের সক্ষম করে তুলবে।

Commissioner Michelle Long Spears বলেন, "শিক্ষার্থীরা ক্লাসরুম থেকে বেরিয়ে বিশ্বে প্রবেশ করলে বিজ্ঞানের অবিশ্বাস্য বিশ্বয়গুলো সত্যিকার অর্থে জীবিত হয়ে ওঠে।" "এই মাঠ পর্যায়ের ভ্রমণে সহায়তার ক্ষেত্রে আমরা শুধু খরচই বহন করছি না, বরং কল্পনা এবং সম্ভাবনার দরজা খুলে দিচ্ছি। প্রতিটি শিশু আর্থিক পরিস্থিতি নির্বিশেষে তাদের চারপাশের বিশ্বকে অন্বেষণ করার, আবিষ্কার করার এবং অনুপ্রাণিত হওয়ার সুযোগ পাওয়ার যোগ্য।"

32-টি প্রত্যয়িত স্কুল এবং প্রোগ্রামসহ STE(A)M শিক্ষা ক্ষেত্রে নেতৃত্ব প্রদানকারী হিসাবে DeKalb County School District (DCSD) নিয়মিতভাবে প্রথম-শ্রেণির বৈজ্ঞানিক আকর্ষণ এবং কেন্দ্রের সাথে নৈকট্য লাভ করে থাকে। উদাহরণস্বরূপ, এলিমেন্টারি এবং মিডল স্কুলগুলো জর্জিয়া উপকূলে বার্ষিক শিক্ষামূলক ভ্রমণের আয়োজন করে, যেখানে শিক্ষার্থীরা স্কিডাওয়ে দ্বীপ, টাইবি আইল্যান্ড এবং জেকিল দ্বীপের মতো অবস্থানে সামুদ্রিক বিজ্ঞান এবং উপকূলীয় বাস্তুবিদ্যা অন্বেষণ করে। এই বিস্তৃত অভিজ্ঞতা ক্লাসরুমের শিক্ষাকে জোরদার করে এবং প্রায় ক্ষেত্রে বিজ্ঞানের জন্য আজীবন উৎসাহ জোগায়।

তবে, এসব ভ্রমণ নিম্ন আয়ের পরিবারগুলোর সামনে উল্লেখযোগ্য বাধা সৃষ্টি করে, যার মধ্যে রয়েছে পরিবহন, বাসস্থান, এবং খাবারসহ শিশু প্রতি গড় খরচ \$500। বিশেষ করে COVID-19 মহামারী দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত পরিবারগুলোর জন্য এটা প্রয়োজ্য।

"DeKalb Schools Educational Foundation, Inc. কমিশনার Michelle Long Spears-এর সাথে এই অংশীদারিত্বের জন্য রোমাঞ্চিত," বলেন Thurman Green, III, ফাউন্ডেশন-এর নির্বাহী পরিচালক। "এই দান নিছক আর্থিক সহায়তার চেয়ে বেশি। এটি অনেক শিক্ষার্থীর জন্য গুরুত্বপূর্ণ লাইফলাইন, যারা অন্যথায় এই ব্যতিক্রমী শেখার অভিজ্ঞতা থেকে বঞ্চিত হতে পারে।" "আর্থিক প্রতিবন্ধকতা ভেঙ্গে দিয়ে আমরা শিক্ষার্থীদের তাদের পূর্ণ সম্ভাবনায় পৌঁছানোর লক্ষ্যে ক্ষমতায়ন করছি এবং বিজ্ঞানের প্রতি গভীর ভালবাসাকে উৎসাহিত করছি, যা যেভাবে আমরা কল্পনা করতে পারি তাদের ভবিষ্যতকে তেমন ইতিবাচকভাবে গঠন করতে পারে।"

এই অর্থায়নের জন্য যোগ্য DCSD স্কুলগুলোর মধ্যে রয়েছে:

- ❑ Ashford Park Elementary School
- ❑ Briar Vista Elementary School
- ❑ Coralwood School
- ❑ Dunwoody Elementary School Upper Campus/Cary Reynolds Elementary School
- ❑ Fernbank Elementary School
- ❑ Globe Academy Lower Campus
- ❑ International Community School
- ❑ Laurel Ridge Elementary School
- ❑ John Robert Lewis Elementary School
- ❑ Montclair Elementary School
- ❑ Montgomery Elementary School
- ❑ Oak Grove Elementary School
- ❑ Sagamore Hills Elementary School
- ❑ Woodward Elementary School
- ❑ Druid Hills Middle School
- ❑ Globe Academy Upper Campus
- ❑ Kittredge Magnet School
- ❑ Path Academy

এই অনুদান একটি এককালীন অনুদান, সেপ্টেম্বর 2026-এর মধ্যে এর তহবিল বরাদ্দ করা হবে।

এই প্রথম বিনিয়োগ শক্তিশালী কমিউনিটি, ব্যবসা এবং শিক্ষা অংশীদারিত্বের পথ প্রশস্ত করবে। কমিশনার Michelle Long Spears-এর কাছ থেকে \$50,000 উপহার প্রাপ্তি এই মর্মে কমিশনার Long Spears-এর আস্থা ও নির্ভরতা প্রকাশ করে যে, ফাউন্ডেশন একাডেমিক ফলাফল উন্নত করতে সক্রিয়ভাবে কাজ করছে এবং DeKalb County SchoolDeKalb কাউন্টি স্কুলের সমস্ত শিক্ষার্থীর জন্য ইতিবাচক এক্সপোজারের লক্ষ্যে কাজ করছে," বলেন DeKalb Schools E-ducational Foundation, Inc.-এর বোর্ড সভাপতি Patricia Smith.

DeKalb Schools Educational Foundation, Inc. হলো একটি 501(c)(3) সংস্থা, যা ভালো মানের শিক্ষার্থীদের লালনপালন করতে এবং শিক্ষার শ্রেষ্ঠত্ব বাড়াতে কার্যকর অংশীদারিত্ব তৈরি করে। আরও তথ্যের জন্য বা ফাউন্ডেশনে অবদান রাখার লক্ষ্যে অনুগ্রহ করে [এখানে](#) ওয়েবসাইট দেখুন বা DeKalb Schools Educational Foundation, Inc-এর নির্বাহী পরিচালক Mr. Thurman Green, III-এর সাথে thurman_green@dekalbschoolsga.org-এ ইমেইলের মাধ্যমে বা (404) 310-3562-এ ফোনে যোগাযোগ করুন।

XXX